



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।

স্মারকনং-বশিবো/বিনি/জেএসসি/০১/২০১৫/৪৭৮

তারিখঃ ০৩/০৯/২০১৫খ্রিঃ

বিষয়ঃ জেএসসি - ২০১৫ এর নিবন্ধন কার্ড গ্রহণ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বরিশাল শিক্ষা বোর্ডের আওতাধীন সকল স্বীকৃতিপ্রাপ্ত, পাঠদানের অনুমতিপ্রাপ্ত মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের এই মর্মে জানানো যাচ্ছে যে, জেএসসি-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বোর্ডের সভাকক্ষ (রুম নং-১০৬) হতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/ক্ষমতাপ্রাপ্ত শিক্ষককে গ্রহণ করার জন্য অনুরোধ করা গেল। যে সকল নিবন্ধন কার্ডে অসংগতি পরিলক্ষিত হবে সে সকল কার্ড শিক্ষার্থীদের নিকট বিলি না করে বোর্ডে জমা দেয়ার জন্য বলা হলো। নিবন্ধন কার্ডে শিক্ষার্থীর নিজ নাম, পিতার নাম, মাতার নামে আক্ষরিক ভুল, জন্ম তারিখে ভুল এবং বিষয় কোড ভুল হলে আগামী ১৬/০৯/১৫ তারিখ থেকে ১৮/০৯/১৫ তারিখ পর্যন্ত বিদ্যালয় নিবন্ধন শাখা থেকে ৩৫০/- (তিনশতপঞ্চাশ) টাকার ডিডি/পে-অর্ডার দিয়ে সংশোধন করা যাবে (সংশোধনের জন্য প্রধান শিক্ষকের আবেদন, শিক্ষার্থীর জন্ম সনদ, শিক্ষার্থীর সমাপনি সনদের সত্যায়িত কপি, পিতা ও মাতার ভোটার আই ডি কার্ডের কপি অবশ্যই সংযুক্ত থাকতে হবে)। উল্লেখ্য একই শিক্ষার্থীর একাধিক ভুলের জন্য ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকার ডিডি/পে অর্ডার দিয়ে সংশোধন করা যাবে। তবে নিবন্ধন কার্ডে শিক্ষার্থীর ছবি না থাকলে উক্ত শিক্ষার্থীর ১x ১ সাইজের ছবি আইকা দিয়ে লাগিয়ে প্রধান শিক্ষক সত্যায়িত করে বোর্ডে জমা দিয়ে বিদ্যালয় পরিদর্শকের স্বাক্ষর করিয়ে নিতে হবে। কোন শিক্ষার্থীর নিবন্ধন কার্ডে ছবি পরিবর্তন হয়ে গেলে উক্ত শিক্ষার্থীর নিবন্ধন কার্ড বিতরণ না করে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দেয়ার জন্য বলা হলো।

ক্রঃনং	জেলা / উপজেলার নাম	চূড়ান্ত নিবন্ধন কার্ড গ্রহণের তারিখ	বার
০১	ঝালকাঠী, ভোলা ও বরগুনা জেলা	১০/০৯/১৫	বৃহস্পতি
০২	মেহেন্দিগঞ্জ, হিজলা, মুলাদী, আগৈলঝাড়া, গৌরনদী, মঠবাড়িয়া, ভান্ডারিয়া, জিয়ানগর, কাউখালি, কলাপাড়া, দশমিনা, বাউফল, পটুয়াখালী সদর	১৩/০৯/১৫	রবি
০৩	উজিরপুর, বাবুগঞ্জ, বানারীপাড়া, বরিশাল সদর, বাকেরগঞ্জ, পিরোজপুর সদর, নাজিরপুর, স্বরূপকাঠী, গলাচিপা, মির্জাগঞ্জ, দুমকী, রাঙ্গাবালী	১৪/০৯/১৫	সোম

বিঃদ্র: নির্ধারিত তারিখে কোন প্রতিষ্ঠান নিবন্ধন কার্ড গ্রহণ করিতে ব্যর্থ হইলে পরবর্তী প্রতিদিনের জন্য ২০০/= হারে ডি.ডি/পে-অর্ডার জমা দিয়ে নিবন্ধন কার্ড গ্রহণ করিতে পারিবেন (বোর্ড কমিটির ২১তম সভার সিদ্ধান্ত অনুসারে)।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মো: আবুল বশার তাগুকদার

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল

প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন সকল অনুমতি প্রাপ্ত,

স্বীকৃতি প্রাপ্ত মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়।

স্মারকনং-বশিবো/বিনি/জেএসসি/০১/২০১৫/

তারিখঃ / / ২০১৫খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণঃ

০১। অত্র বোর্ডের সকল কর্মকর্তা।

০২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল).....(অধিক্ষেত্রাধীন সকল অনুমতি প্রাপ্ত, স্বীকৃতি প্রাপ্ত মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের বিষয়টি অবহিত করণের জন্য অনুরোধসহ)।

০৩। পি এস টু চেয়ারম্যান, বশিবো।

০৪। সংরক্ষণ নথি।